কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

হিসাব পরিপত্র নং - ০৪/২০১৭

তারিখ ঃ ২৮.০৫.২০১৭

**বিষয় ঃ ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক হিসাব আগামী ২৯ জুন,২০১৭ তারিখে সম্পাদন করতে হবে। এজন্য ৩০ জুন, ২০১৭ তারিখ ভিত্তিক ব্যাংকের মুদ্রিত ফরমে সকল শাখাকে একটি করে "সমাপনী পূর্ব এবং সমাপনী উত্তর- বৈষয়িক বিবরণী" প্রস্তুত করতে হবে।

০২। বার্ষিক হিসাব সমাপনী কাজ যথাযথ ও নির্ভুলভাবে সম্পাদনের সুবিধার্থে ব্যাংকের সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়কে নিম্নেবর্নিত দিক নির্দেশনা প্রদান করা হলো ঃ

**(i) সঞ্চয়ী আমানত হিসাবে (০২০২০০) সুদ প্রদান ও প্রদানকৃত সুদের উপর উৎসে কর কর্তন ঃ** সকল সঞ্চয়ী আমানত হিসাবে প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর ০১.০১.২০১৭ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত ৩.৫০% হারে সুদ প্রদান করতে হবে। সপ্তাহে ২(দুই) বারের বেশী অথবা মাসের সর্বোচ্চ স্থিতির ২৫% বা ২০,০০০.০০ (বিশ হাজার) টাকার বেশী উত্তোলন করলে ঐ মাসে সুদ প্রাপ্য হবে না। সর্বনিম্ন ১০০.০০ (একশত) টাকা বা তদূর্ধ্ব যে কোন অংকের আমানতের স্থিতির উপর সুদ প্রদান করতে হবে। সুদ পূর্ণ টাকায় প্রদান করতে হবে এবং এক টাকার কম হলে সুদ হিসাবভুক্ত করা যাবে না।

উৎসে কর কর্তন

(ক) সঞ্চয়ী আমানতকারীর আমানত হিসাবের স্থিতি যাই হোক না কেন, যদি সঞ্চয়ী আমানতকারীর TIN (Tax Identification Number) থাকে তাহলে সঞ্চয়ী আমানত হিসাবের উপর প্রদত্ত সুদের বিপরীতে ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে ;

(খ) যদি সঞ্চয়ী আমানতকারীর TIN (Tax Identification Number) না থাকে এবং যদি সঞ্চয়ী আমানতকারীর আমানত হিসাবের স্থিতি বছরের যে কোন দিন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা অতিক্রম না করে, তাহলে সঞ্চয়ী আমানত হিসাবে প্রদত্ত সুদের বিপরীতে ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে ;

(গ) যদি সঞ্চয়ী আমানতকারীর আমানত হিসাবের স্থিতি বছরের যে কোন দিন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা অতিক্রম করে এবং সঞ্চয়ী আমানতকারীর TIN না থাকে তাহলে সঞ্চয়ী আমানত হিসাবে প্রদত্ত সুদের উপর ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে।

কর্তনকৃত উৎসে করের এডভাইস (নমুনা "সংযুক্তি-ক") সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে ০৪.০৭.২০১৬ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আমানতের উপর প্রদত্ত সুদ - ১৩০৩৭৫ | সঞ্চয়ী আমানত - ০২০২০১/০২০২০২ |
| সঞ্চয়ী আমানত - ০২০২০১/০২০২০২ | উৎসে কর - ০৪০১০৪ |
| উৎসে কর- ০৪০১০৪ | কেবি আন্ত:হিসাব - ১১০২০০ |

**(ii) সঞ্চয়ী আমানত হিসাবে (০২০২০০) হিসাব রক্ষণাবেক্ষণ ফি আদায় ও মূসক (VAT) কর্তন ঃ** নিয়মানুযায়ী সঞ্চয়ী আমানত হিসাব হতে হিসাব রক্ষণাবেক্ষণ ফি অত্র বিভাগের ১৮.০৪.২০১৭ তারিখের পরিপত্র নং-০২/২০১৭ এর নির্দেশনা মোতাবেক কর্তন করে আয় খাতভুক্ত করতে হবে। উক্ত ফি এর উপর ১৫% হারে মূসক কর্তন করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| ০২০২০১ - সঞ্চয়ী আমানত- সাধারণ | উভয় ক্ষেত্রে | ০৪০২২৫ - হিসাব রক্ষণাবেক্ষণ ফি |
| ০২০২০২ - সঞ্চয়ী আমানত- কর্মকর্তা-কর্মচারী | | ০৪০১০৫ - মূসক (VAT) (পূর্ণ টাকায়) |

**(iii) কেবি টার্ম ডিপোজিট স্কিম (কেবিটিডিএস) (০২১৪০০) সুদ হিসাবায়ন ঃ** এ বিভাগের ১০.১০.২০১৬ তারিখের হিসাব পরিপত্র নং-০৮/২০১৬ এ উল্লেখিত সুদ হারে চলতি কেবিটিডিএস হিসাবে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত (সাময়িক) হিসাবভুক্ত করতে হবে। অর্থাৎ ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত বিদ্যমান সকল কেবিটিডিএস হিসাবের সুদের পরিমাণ নির্ণয় করতে হবে এবং ব্যয় খাতকে ডেবিট করত: প্রদেয় খাতকে ক্রেডিট করতে হবে। নির্ণীত (সাময়িক) সুদের উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। পরবর্তীতে কেবিটিডিএস এর মেয়াদপূর্তিতে সুদের হিসাব যথানিয়মে প্রদেয় খাতের সহিত সমন্বয় করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আমানতের উপর প্রদত্ত সুদ-১৩০৩৭৫ | প্রদেয় সুদ হিসাব-০৪০১২২ |

সংশ্লিষ্ট কেবিটিডিএস হিসাবের মেয়াদপূর্তিতে :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| প্রদেয় সুদ হিসাব-০৪০১২২ | কেবিটিডিএস-০২১৪০০ |

ক্রমশ: পৃষ্ঠা নং - ০২

**(iv) কর্মচারী নিরাপত্তা জামানত হিসাব (০২০৯০০)** ঃ ব্যাংকের সহকারী অফিসার (ক্যাশ) কর্তৃক জমাকৃত নিরাপত্তা জামানতের উপর ০১.০১.২০১৭ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত ৮% হারে সুদ প্রদান করে প্রদেয় খাতভুক্ত করতে হবে এবং প্রদানকৃত সুদের উপর ১০% উৎসে কর কর্তন করতে হবে। ০২.০৭.২০১৭ তারিখে প্রদেয় খাতে রক্ষিত সুদ সংশ্লিষ্ট সহকারী অফিসার (ক্যাশ)-কে চেক/সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে। কর্তনকৃত উৎসে করের এডভাইস (নমুনা "সংযুক্তি-ক") সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০৪.০৭.২০১৭** তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আমানতের উপর প্রদত্ত সুদ - ১৩০৩৭৫ | বিবিধ প্রদেয় - ০৪০১১১ |
| বিবিধ প্রদেয় - ০৪০১১১ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে এওসি'র সুদ প্রদান)- ০৮০২০২ /সংশ্লিষ্ট সঞ্চয়ী আমানত -কর্মকর্তা-কর্মচারী -০২০২০২ |
| | উৎসে কর - ০৪০১০৪ |
| উৎসে কর- ০৪০১০৪ | কেবি আন্ত:হিসাব - ১১০২০০ |

**(v) মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (০২১২০০)** ঃ ঋণ বিতরণের সময় ঋণ গ্রহীতাদের নিকট হতে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম-এর জন্য গৃহীত তহবিলের এডভাইস (নমুনা "সংযুক্তি-খ") সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| মৃত্যু ঝুঁকি আচ্ছাদন তহবিল - ০২১২০০ | কেবি আন্তঃ হিসাব - ১১০২০০ |

**(vi) ঋণ ও অগ্রিম হিসাব (১০০০০০)** ঃ হিসাব সমাপনী তারিখে যে সকল ঋণ মেয়াদোত্তীর্ণ হয়েছে/হবে সে সকল ঋণ মেয়াদোত্তীর্ণ খাতে স্থানান্তর করা না হয়ে থাকলে তা মেয়াদোত্তীর্ণ খাতে স্থানান্তর করতে হবে। এছাড়া, স্থগিত/মুলতবী আয় খাতে রক্ষিত অনাদায়ী সুদ হতে ২৯.০৬.২০১৭ তারিখ পর্যন্ত সময়ে আদায়কৃত সুদ আয় খাতে স্থানান্তর করা না হলে তা অবশ্যই আয় খাতে স্থানান্তর করতে হবে।

**(vii) ঋণ ও অগ্রিম - নিজস্ব কর্মসূচী (১০০১০০)** ঃ হিসাব সমাপনী তারিখে নিয়মানুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। ঋণের উপর সুদ ধার্যের হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| ২ বছর মেয়াদ পর্যন্ত ঋণ - ১০০১০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - নিজস্ব কর্মসূচী - ০৪০২০১ |
| ৩-৫ বছর মেয়াদ পর্যন্ত ঋণ - ১০০১০২ | | |
| মেয়াদোত্তীর্ন ২ বছর মেয়াদী ঋণ - ১০০১০৩ | | শ্রেণীকৃত ঋণের সুদ - নিজস্ব কর্মসূচী -০৫০১০১ |
| মেয়াদোত্তীর্ন ৩-৫ বছর মেয়াদী ঋণ - ১০০১০৪ | | |

**(Viii) ঋণ ও অগ্রিম-কৃভিশি - (১০০৩০০)** ঃ কৃভিশি ঋণের পুনর্গঠিত তহবিলের এডভাইস (নমুনা "সংযুক্তি-খ") সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণের উপর সুদ ধার্য, আদায়কৃত সুদ এবং পুনর্গঠিত তহবিলের হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

অ) সুদ ধার্য-

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| স্থায়ী মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের উপর সুদ ধার্য - কৃ.ভি.শি - ০৪০১০৭ |
| চলতি মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০২ | | |
| মেয়াদোত্তীর্ন স্থায়ী মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০৩ | | শ্রেণীকৃত ঋণের সুদ - কৃ.ভি.শি - ০৫০১০২ |
| মেয়াদোত্তীর্ন চলতি মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০৪ | | |

আ) সুদ আদায় ও পুনর্গঠিত তহবিল স্থানান্তর -

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| ঋণের উপর সুদ ধার্য- কৃ.ভি.শি - ০৪০১০৭ | উভয় ক্ষেত্রে | ঋণের সুদ - কৃ.ভি.শি - ০৪০২০৩ |
| শ্রেণীকৃত ঋণের সুদ - কৃ.ভি.শি -০৫০১০২ | | তহবিল পুনর্গঠন - কৃ.ভি.শি - ০৪০১০৮ |
| | | |
| **তহবিল পুনর্গঠন - কৃ.ভি.শি - ০৪০১০৮** | | **কেবি আন্তঃ হিসাব - ১১০২০০** |

**ক্রমশ: পৃষ্ঠা নং - ০৩**

**(ix) ঋণ ও অগ্রিম - শিকাশ্র ঋণ কর্মসূচী (১০০৪০০)** ঃ শিকাশ্র ঋণের পুনর্গঠিত তহবিলের এডভাইস (নমুনা "সংযুক্তি-খ") সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের উপর সার্ভিস চার্জ, সার্ভিস চার্জ বন্টন ও পুনর্গঠিত তহবিলের হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| এসএনডি হিসাব- ০৮০২০২ | ঋণের উপর সার্ভিস চার্জ - শিকাশ্র - ০৪০২০৪ |
| | তহবিল পুনর্গঠন - শিকাশ্র - ০৪০১০৯ |
| তহবিল পুনর্গঠন - শিকাশ্র - ০৪০১০৯ | কেবি আন্ত: হিসাব - ১১০২০০ |

**(x) কর্মচারী মটর সাইকেল ঋণ ও গৃহ নির্মাণ কর্মী ঋণ (১০০৫০০)** ঃ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের মটর সাইকেল ঋণ ও গৃহ নির্মাণ ঋণের আসল স্থিতির উপর দৈনিক ভিত্তিতে ০১.০১.২০১৭ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত বার্ষিক ৫% হারে সরল সুদ ধার্য করতে হবে। মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী কিস্তি কর্তন নিশ্চিত করতে হবে। কর্মী ঋণের হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| মটর সাইকেল ঋণ -১০০৫০১ | কর্মী ঋণের সুদ -০৪০২০৫ |
| গৃহ নির্মাণ ঋণ -১০০৫০২ | |

**(xi) ঋণ-কেবি স্পেশাল ডিপোজিট স্কীম (১০০৬০০)** ঃ নিয়মানুযায়ী কর্মসংস্থান ব্যাংক স্পেশাল ডিপোজিট স্কীম-এর বিপরীতে প্রদানকৃত ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ঋণ- কেবিএসডিএস -১০০৬০০ | ঋণের সুদ- কেবিএসডিএস -০৪০২০৬ |

**(xii) ভোক্তা ঋণ- (১০০৭০০)** ঃ নিয়মানুযায়ী ভোক্তা ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ভোক্তা ঋণ- ১০০৭০০ | ঋণের সুদ-ভোক্তা ঋণ -০৪০২১৪ |

**(xiii) এসইসিপি ঋণ- (১০০৮০০)** ঃ নিয়মানুযায়ী এসইসিপি ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| এসইসিপি ঋণ - ১০০৮০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - এসইসিপি ঋণ -০৪০২১৫ |
| মেয়াদোত্তীর্ন এসইসিপি ঋণ- ১০০৮০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - এসইসিপি ঋণ -০৫০১০৩ |

**(xiv) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ- (১০১০০০)** ঃ নিয়মানুযায়ী বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণের উপর সুদ অত্র বিভাগের ১৩.০৭.২০১৫ তারিখের পরিপত্র নং-০৫/২০১৫ এর নির্দেশনা মোতাবেক ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| বিবি মপ্রাস ঋণ - ১০১০০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৪০২১৭ |
| মেয়াদোত্তীর্ন বিবি মপ্রাস ঋণ- ১০১০০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৫০১০৪ |

**(xv) দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন পুন:অর্থায়ন ঋণ- (১০১১০০)** ঃ নিয়মানুযায়ী দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুন:অর্থায়ন কর্মসূচীর ঋণের উপর সুদ অত্র বিভাগের ২১.০১.২০১৬ তারিখের পরিপত্র নং-০৩/২০১৬ এর নির্দেশনা মোতাবেক ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| দুউও কৃপ্র ঋণ- ১০১১০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - দুউও কৃপ্র ঋণ -০৪০২১৮ |
| মেয়াদোত্তীর্ন দুউও কৃপ্র ঋণ- ১০১১০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - দুউও কৃপ্র ঋণ -০৫০১০৫ |

ক্রমশ: পৃষ্ঠা নং - ০৪

**(xvi) কম্পিউটার ঋণ- (১০১২০০) ঃ** নিয়মানুযায়ী কম্পিউটার/ল্যাপটপ ক্রয় ঋণের উপর সুদ অত্র বিভাগের ০৬.০৪.২০১৬ তারিখের পরিপত্র নং-০৫/২০১৬ এর নির্দেশনা মোতাবেক ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| কম্পিউটার ঋণ- ১০১২০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - কম্পিউটার ঋণ -০৪০২২০ |
| মেয়াদোত্তীর্ন কম্পিউটার ঋণ- ১০১২০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - কম্পিউটার ঋণ -০৫০১০৬ |

**(xvii) কেবিটিডিএস ঋণ- (১০১৩০০) ঃ** এ বিভাগের ১০.১০.২০১৬ তারিখের হিসাব পরিপত্র নং-০৮/২০১৬ এ উল্লেখিত সুদ হারে চালু কেবিটিডিএস ঋণ হিসাবে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত (সাময়িক) সুদ হিসাব করতে হবে যা ০২.০৭.২০১৭ তারিখে রিভার্স করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| কেবিটিডিএস ঋণ- ১০১৩০০ | কেবিটিডিএস ঋণের উপর সুদ চার্জ -০৪০২২১ |

**(xviii) সুদ যুক্ত ভবন ভাড়া অগ্রিম - (১০১৪০০) ঃ** চুক্তিপত্রের শর্তানুযায়ী সংশ্লিষ্ট শাখাসমূহকে সুদ যুক্ত ভবন ভাড়া অগ্রিমের উপর সুদ ধার্য করতে হবে। সুদ যুক্ত/সুদ মুক্ত ভবন ভাড়া অগ্রিম মাসিক কিস্তি কর্তন/সমন্বয় এবং প্রচলিত হারে ভ্যাট/উৎসে কর কর্তন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ভবন ভাড়া অগ্রিম- ১০১৪০০ | ভবন ভাড়া অগ্রিমের সুদ- ০৪০২২৩ |

**(xix) অবলোপনকৃত ঋণ - (০৬০১০০ এবং ১২০১০০) ঃ** এ বিষয়ে অত্র বিভাগ হতে ০৭.০৭.২০১৪ ও ১০.০৯.২০১৪ তারিখে জারীকৃত যথাক্রমে হিসাব পরিপত্র নং-০৩/২০১৪ ও ০৪/২০১৪ এ বর্ণিত হিসাব পদ্ধতি অনুসরণ করতে হবে।

**(xx) ঋণ, আমানত ও অন্যান্য সকল হিসাব বহি স্থিতিকরণ ঃ** প্রতিটি ঋণ ও সকল প্রকার আমানত হিসাবে সুদপূর্ব স্থিতির মিল যাচাই, নিয়মানুযায়ী সুদ ধার্য/সুদ প্রদান এবং সুদ ধার্য/সুদ প্রদান পরবর্তী স্থিতি মিলায়ে কর্মসূচী ভিত্তিক প্রতিটি ঋণ ও ধরণ ভিত্তিক আমানত হিসাবে ৩০.০৬.২০১৭ তারিখ ভিত্তিক ডেবিট ও ক্রেডিট সামেশন/সমষ্টিকরণ করতে হবে। শাখার সকল ঋণ ও অগ্রিম/আমানত খাতের স্থিতির সাথে কন্ট্রোল বুক/রেজিস্টারের স্থিতি হুবহু এক হবে এবং সকল উপ-খাতের সমষ্টি সাধারণ খতিয়ানের মূল খাতের স্থিতির সমান হবে। এভাবে সাধারণ খতিয়ানের প্রতিটি মূল খাতের স্থিতি সাধারণ খতিয়ান সারসংক্ষেপ ও বৈষয়িক বিবরণীতে অভিন্ন হতে হবে। অভিন্ন পদ্ধতিতে অন্যান্য হিসাব বহি/রেজিস্টারের স্থিতি নিশ্চিতকরণ করতে হবে।

**(xxi) জড় দ্রব্যের (১৩০৪০০) অবচয় হিসাব ঃ** জড়দ্রব্যের ক্রয়মূল্যের পরিবর্তে ৩০.০৬.২০১৬ তারিখের বহিমূল্যের (**Book Value**) উপর নিম্নবর্ণিত হারে ০১.০৭.২০১৬ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত সময়ের অবচয় নির্ধারণ করতে হবে (নমুনা "সংযুক্তি-গ")। উল্লেখ্য যে, চলতি অর্থ-বছরে যদি কোন জড়দ্রব্য ক্রয় করা হয় তাহলে মাসিক ভিত্তিতে অবচয় নির্ধারণ করতে হবে (নমুনা "সংযুক্তি-ঘ")। নমুনা "সংযুক্তি-গ ও ঘ" এর অবচয়ের যোগফল ব্যয় হিসাব খাতের উপ-খাত ১৩০৩৭৭ কোডের অবচয়ের সমান হবে। অবচয় নির্ধারণের সময় ন্যূনতম ১/-(এক) টাকা বহিমূল্য অবশিষ্ট রাখতে হবে। বিভিন্ন জড় দ্রব্যের খাত, অবচয় হার নিম্নরূপ ঃ

**(ক) আসবাবপত্র ও সাজসরঞ্জাম[১] (১৩০৪০১) = ১০%**
**(খ) অফিস যন্ত্রপাতি[২] (১৩০৪০২) = ২০%**
**(গ) অফিস সরঞ্জামাদি[৩] (১৩০৪০৩) = ১৫%**
**(ঘ) বৈদ্যুতিক সরঞ্জামাদি[৪] (১৩০৪০৪) = ২০%**
**(ঙ) মটরগাড়ি ও যানবাহন (১৩০৫০০) = ২০%**
**(চ) ভূমি ও দালান (১৩০৮০০) = ২.৫০%**

(১) **আসবাবপত্র ও সাজসরঞ্জাম ঃ** টেবিল, চেয়ার, টুল, সোফাসেট, র‌্যাক, আলমীরা (স্টিল ও কাঠ), আয়রন সেফ, স্টিল ট্রাংক, ফাইল কেবিনেট, নোটিশ বোর্ড, সাইন বোর্ড, ইত্যাদি।

(২) **অফিস যন্ত্রপাতি ঃ** কম্পিউটার, ইউপিএস, আইপিএস, মনিটর, প্রিন্টার, প্রজেক্টর, অগ্নি নির্বাপক যন্ত্র, ফ্যাক্স মেশিন, ফটোকপিয়ার, ভোল্টেজ স্টেবিলাইজার, সিসি টিভি, ক্যামেরা, মিডিয়া কনভার্টর, ইত্যাদি।

(৩) **অফিস সরঞ্জামাদি ঃ** পিএবিএক্স বোর্ড, মেডিক্যাল ইকুইপমেন্টস, কার্পেট, মাইক্রোফোন/স্পিকার, দেয়াল স্কেটিং, লুকাস ব্যাটারি, ইত্যাদি।

(৪) **বৈদ্যুতিক সরঞ্জামাদি ঃ** সিলিং ফ্যান, স্ট্যান্ড ফ্যান, ওয়াল ফ্যান, চার্জার ফ্যান, এটজষ্ট ফ্যান, বক্স ফ্যান, টেবিল ফ্যান, মাইক্রোওভেন, ওয়াটার হিটার, জেনারেটর, এসি, সাব-ষ্টেশন, লিফট, ইত্যাদি।

"সংযুক্তি-গ এবং ঘ" মোতাবেক জড়দ্রব্যের বিবরণী সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার জড়দ্রব্যের **বিবরণী কম্পাইলেশন** করে অগ্রগামী পত্রের মাধ্যমে **১০.০৭.২০১৭** তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| অবচয় - ১৩০৩৭৭ | জড় দ্রব্য- ১৩০৪০০ (সংশ্লিষ্ট সম্পত্তির উপ-খাত) |

**ক্রমশ: পৃষ্ঠা নং - ০৫**

**(xxii) ষ্টেশনারী ও সরবরাহ (১৩০২০০)** ঃ ৩১.১২.২০১১ তারিখ পর্যন্ত প্রধান কার্যালয় হতে প্রাপ্ত মুদ্রিত মনোহারী দ্রব্যাদির মূল্য (যদি থাকে) ও তা ব্যবহারের খরচ হিসাবায়ন করতে হবে এবং ভাউচার প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| মুদ্রিত ষ্টেশনারী ও সরবরাহ- ১৩০৩৫৩ | ষ্টেশনারী ও সরবরাহ - ১৩০২০০ |

এছাড়া, ০১.০১.২০১৭ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত সময়ে প্রধান কার্যালয় হতে প্রাপ্ত মুদ্রিত মনোহারী দ্রব্যাদির প্রাপ্তি ও ব্যবহার সংখ্যায় হিসাবভুক্ত করতে হবে। তবে, কোন ভাউচার প্রস্তুত করতে হবে না।

**(xxiii) জুন, ২০১৭ মাসের বেতন প্রদান** ঃ

(ক) ব্যাংকের সকল নিয়মিত কর্মকর্তা-কর্মচারীদের জুন, ২০১৭ মাসের বেতন-ভাতাদি ২০.০৬.২০১৭ তারিখে প্রদান করতে হবে এবং বেতন প্রদানের পর পরই (জানুয়ারি'১৭ হতে জুন'১৭ মাসের বকেয়া/অগ্রিম পরিশোধসহ) সাধারণ ভবিষ্য তহবিল, সুপারেনুয়েশন ও বদান্য তহবিলে জমাকৃত সমুদয় চাঁদার বিবরণীসহ পৃথক ৩টি এড্ভাইস সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার সাধারণ ভবিষ্য তহবিল, সুপারেনুয়েশন ও বদান্য তহবিলের **এড্ভাইস** এবং বিবরণী পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে অবশ্যই ২২.০৬.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(খ) চুক্তিভিত্তিক ও সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের প্রাপ্য বিল হিসাব সমাপনী তারিখে প্রস্তুত করে অবিতরণকৃত বেতন (০৪০১০৩) উপ-খাতভূক্ত করতে হবে এবং ০২.০৭.২০১৭ তারিখে তা প্রদান করতে হবে। আল আরাফাত সার্ভিসেস (প্রাঃ) লিঃ কর্তৃক চুক্তিভিত্তিক নিয়োজিত অফিস সহায়ক ও গার্ডের মজুরী থেকে কর্তনকৃত ভ্যাট ও উৎসে কর শাখার নিকটস্থ কর অঞ্চল/কার্যালয়ে ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ভ্যাট- ০৪০১০৫ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে ভ্যাট পরিশোধ) - ০৮০২০২ |
| উৎসে কর- ০৪০১০৪ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে কর পরিশোধ) - ০৮০২০২ |

**(xxiv) নগদ তহবিল (০৭০১০০)** ঃ শাখায় নগদ তহবিল সংরক্ষণের ক্ষেত্রে অত্র বিভাগের জারীকৃত ২৪.০২.২০১৫ তারিখের হিসাব পরিপত্র নং-০২/২০১৫ অনুসরণপূর্বক শাখায় ১,০০০.০০ (এক হাজার) টাকা পর্যন্ত নগদ তহবিল সংরক্ষণ করা যাবে। এক্ষেত্রে উক্ত পরিপত্রের অনুচ্ছেদ নং-৩ এর নির্দেশনা মোতাবেক নগদ তহবিল সংরক্ষণের হিসাবায়ন করতে হবে।

**(xxv) প্রদেয় হিসাব (০৪০১০০)** ঃ ২০১৬-২০১৭ অর্থ-বছরের বকেয়া সকল প্রকার বিল যেমন- অফিস ভবন ভাড়া, বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানি বিল, টেলিফোন বিল ইত্যাদি সংশ্লিষ্ট অর্থ-বছরেই নিষ্পন্নের পদক্ষেপ গ্রহন করতে হবে এবং ২৯ জুন, ২০১৭ তারিখে অযৌক্তিক কোন এন্ট্রির জের টানা যাবে না।

**(xxvi) বেতন আয়ের উপর অগ্রিম আয়কর** ঃ কর্মকর্তা/কর্মচারীদের (প্রযোজ্য ক্ষেত্রে) বেতন আয়ের উপর ব্যক্তিগত পরিশোধযোগ্য মাসিক বেতন হতে কর্তনকৃত অগ্রিম আয়করের কিস্তি (এপ্রিল,১৭ -জুন,১৭) পরিশোধের ক্রেডিট এডভাইস ২২.০৬.২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

**(xxvii) আদায়যোগ্য হিসাব (১৩০১০০)** ঃ আদায়যোগ্য খাতের অনিষ্পন্ন এন্ট্রি ২৯ জুন, ২০১৭ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে। কোন যৌক্তিক কারণ ছাড়া দু'মাসের অধিক অনিষ্পন্ন এন্ট্রির-জের পরবর্তী বছরে টানা যাবে না। ডাক খরচ/পেটি ক্যাশসহ সকল অগ্রিম ২৯ জুন, ২০১৭ তারিখে সমন্বয় করতে হবে এবং ০২.০৭.২০১৭ তারিখ হতে পুনরায় অগ্রিম প্রদান করা যাবে।

**(xxviii) হিসাব সমাপনী দিনে হালকা ভোজন ও যাতায়াত খরচ** ঃ হিসাব সমাপনীর তারিখে বার্ষিক হিসাব সমাপনীর নিমিত্তে অতিরিক্ত সময় কাজের জন্য ব্যাংকের সকল স্তরের নিয়মিত কর্মকর্তা-কর্মচারী ১০০০.০০ (এক হাজার) টাকা হারে হালকা ভোজন (রিফ্রেশমেন্ট) ও যাতায়াত খরচ প্রাপ্য হবেন। উক্ত ব্যয় সংশ্লিষ্ট শাখার হিসাব সমাপনী ব্যয় (১৩০৩৮০) খাতে হিসাবভুক্ত হবে।

**(xxix) মূল্য সংযোজন কর (ভ্যাট)** ঃ ভবন ভাড়া/হিসাব রক্ষণাবেক্ষণ ফি/ উত্তোলন স্লিপ বই/সরবরাহকারী/পেশাগত ফিস/টেকনিক্যাল সেবা প্রদানকারীদের বিল থেকে ০১.০৭.২০১৬ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত কর্তনকৃত ভ্যাট শাখার নিকটস্থ কর অঞ্চল/কার্যালয়ে পরিশোধ করা না হয়ে থাকলে শাখার নিকটস্থ কর অঞ্চল/কার্যালয়ে ট্রেজারি চালানের মাধ্যমে তা পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে ভ্যাট পরিশোধের হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ভ্যাট- ০৪০১০৫ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে ভ্যাট পরিশোধ) - ০৮০২০২ |

**(xxx) উৎসে কর** ঃ

(ক) ভবন ভাড়া/সরবরাহকারী/ পেশাগত ফিস/টেকনিক্যাল সেবা প্রদানকারীদের বিল থেকে ০১.০৭.২০১৬ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত কর্তনকৃত উৎসে কর শাখার নিকটস্থ কর অঞ্চল/কার্যালয়ে পরিশোধ করা না হয়ে থাকলে শাখার নিকটস্থ কর অঞ্চল/কার্যালয়ে ট্রেজারি চালানের মাধ্যমে তা পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে উৎসে কর পরিশোধের হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| উৎসে কর- ০৪০১০৪ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে কর পরিশোধ) - ০৮০২০২ |

ক্রমশঃ পৃষ্ঠা নং - ০৬

(খ) ঠিকাদারি চুক্তি বা মালামাল সরবরাহের ক্ষেত্রে নিম্নলিখিত সিলিং অনুযায়ী উৎসে কর কর্তন করে ২১ দিনের মধ্যে "কর অঞ্চল-২ ঢাকা"-তে জমা করার বাধ্যবাধকতা থাকায় কর্তনকৃত উৎসে করের অর্থের এডভাইস ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে ঃ

| কর্তনের খাত | সিলিং | কর্তনের হার | কর্তনের ধারা |
|---|---|---|---|
| ঠিকাদারি চুক্তি (Contract) | ২,০০,০০০.০০ টাকা পর্যন্ত | শূন্য | আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা - ৫২ |
| | ২,০০,০০১.০০ টাকা হতে ৫,০০,০০০.০০ পর্যন্ত | ১% | |
| | ৫,০০,০০১.০০ টাকা হতে ১০,০০,০০০.০০ পর্যন্ত | ২% | |
| | ১০,০০,০০১.০০ টাকা হতে ২৫,০০,০০০.০০ পর্যন্ত | ৩% | |
| | ২৫,০০,০০১.০০ টাকা হতে ১,০০,০০,০০০.০০ পর্যন্ত | ৪% | |
| | ১,০০,০০,০০১.০০ টাকা হতে ৫,০০,০০,০০০.০০ পর্যন্ত | ৫% | |
| | ৫,০০,০০,০০১.০০ টাকা হতে ১০,০০,০০,০০০.০০ পর্যন্ত | ৬% | |
| | ১০,০০,০০,০০০.০০ টাকার উর্ধ্বে | ৭% | |
| সরবরাহ বা মেনুফেকচার, প্রসেস বা কনভার্শন বা প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং | ২০,০০,০০০.০০ টাকা পর্যন্ত | ৩% | |
| | ২০,০০,০০১.০০ টাকা হতে ১,০০,০০,০০০.০০ পর্যন্ত | ৪% | |
| | ১,০০,০০,০০০.০০ টাকার উর্ধ্বে | ৫% | |

**(xxxi)** **সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাব** ঃ ০১.০৭.২০১৬ হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত শাখার নামে সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবে প্রাপ্ত সুদ শাখার আয় খাতভুক্ত করতে হবে। এছাড়া সার্ভিসিং ব্যাংক কর্তৃক এসএনডি হিসাবে প্রদত্ত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে করের ডেবিট এডভাইস সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের ডেবিট এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| এসএনডি হিসাব - ০৮০২০২ | আমানতের সুদ -০৪০২০৭ |
| কমিশন বাবদ খরচ -১৩০৩৩৭ | এসএনডি হিসাব -০৮০২০২ |
| কর ও অভিকর (আবগারী শুল্ক) - ১৩০৩৬৯ | |
| অগ্রপ্রদত্ত আয়কর (উৎসে কর)-১৩০১০৬ | |
| কেবি আন্ত: হিসাব - ১১০২০০ | অগ্রপ্রদত্ত আয়কর - ১৩০১০৬ |

হিসাব সমাপনীর তারিখে শাখার এসএনডি হিসাবের স্থিতির সাথে সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবের স্থিতির সমন্বয় নিশ্চিত করতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করে তা নিরসন করতে হবে। কোন কারণবশত: যদি সার্ভিসিং ব্যাংকের স্থিতির সাথে শাখার এসএনডি হিসাবের স্থিতির মিল না থাকে তাহলে উক্ত কারণ উল্লেখপূর্বক ব্যাংক হিসাব সমন্বয় বিবরণী **১০.০৭.২০১৭** তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া, উক্ত সমস্যা দ্রুত নিরসন করতে হবে।

**(xxxii)** **আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের বার্ষিক হিসাব সমাপন** ঃ বার্ষিক হিসাব সমাপনীর তারিখে আঞ্চলিক/ বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের আয় ও ব্যয় নিরূপনপূর্বক আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের আয় সংশ্লিষ্ট শাখার আয় খাতে হিসাবভুক্ত করতে হবে এবং আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ব্যয় এডভাইসের মাধ্যমে স্থানান্তর ও ব্যয়ের পৃথক বিবরনী ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

**(xxxiii)** **ফরেন রেমিটেন্স** ঃ চলতি অর্থ বছরে প্রবর্তিত ফরেন রেমিটেন্সের শুরু হতে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত পুনর্ভরনের এডভাইসের বিবরণী **"সংযুক্তি-চ"** সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার বিবরণী পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **১০.০৭.২০১৭** তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে। পরিশোধিত সকল ফরেন রেমিটেন্সের অর্থ প্রধান কার্যালয় হতে পুনর্ভরনের বিষয়ে নিশ্চিত হতে হবে।

০৩। **বৈষয়িক বিবরণী ঃ**

**(i)** **সমাপনী পূর্ব** ঃ শাখায় যে সকল খরচের সম্ভাবনা আছে, সে সকল খরচ ২৯ জুন, ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এরপরও যদি পরিশোধযোগ্য খরচ অনিস্পন্ন থাকে, তাহলে সে সকল খরচের জন্য সংশ্লিষ্ট ব্যয় খাত ডেবিট করে বিবিধ প্রদেয় (০৪০১১১) উপ-খাতে সাময়িক হিসাবভূক্ত করে ২৯ জুন, ২০১৭ তারিখের বৈষয়িক বিবরণী (সমাপনী পূর্ব) প্রস্তুত করতে হবে। বৈষয়িক বিবরণী সমাপনী পূর্ব-তে যথারীতি আয় ও ব্যয় খাতের অংক থাকবে।

ক্রমশ: পৃষ্ঠা নং - ০৭

(ii) **লাভ-ক্ষতি নিরূপণ** ঃ বৈষয়িক বিবরণী সমাপনী পূর্ব প্রস্তুতের পর নিম্নোক্ত হিসাব পদ্ধতি অনুসরণপূর্বক জেনারেল লেজারে রক্ষিত আয় ও ব্যয় এর খাত শূন্য করে লাভ-ক্ষতি নিরূপণ করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আয় হিসাব - ০৪০২০০ | লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ |
| লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ | ব্যয় হিসাব- ১৩০৩০০ |

(iii) **সমাপনী উত্তর** ঃ শাখার লাভ-ক্ষতি সাধারণ হিসাব নিরূপণের পর বৈষয়িক বিবরণী সমাপনী উত্তর প্রস্তুত করতে হবে। বৈষয়িক বিবরণী সমাপনী উত্তরে - আয় ও ব্যয় খাতের অংক থাকবে না। শাখায় লাভ হলে ক্রেডিট এডভাইস এবং ক্ষতি হলে ডেবিট এডভাইস প্রস্তুতের জন্য নিম্নবর্ণিত হিসাব পদ্ধতি অনুসরণ করতে হবে এবং উক্ত এডভাইস আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। সমাপনী উত্তর অত্র বিভাগে প্রেরণ করতে হবে না। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ | কেবি আন্তঃ হিসাব - ১১০২০০ |
| কেবি আন্তঃ হিসাব - ১১০২০০ | লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ |

উল্লেখ্য, বৈষয়িক বিবরণীর দায় ও সম্পদের সমষ্টি ঐ তারিখের ক্লীন ক্যাশ বইয়ের যথাক্রমে ক্রেডিট ও ডেবিট সমষ্টির সমান হবে।

০৪। **বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন, এডভাইস এবং অবস্থার বিবরণী** ঃ এতদ্‌সঙ্গে সংযুক্ত (সংযুক্তি-ক ও খ) মোতাবেক শাখাসমূহ বার্ষিক হিসাব সমাপনীর জন্য দুইটি হিসাব সমাপনী ক্রেডিট এডভাইস, সার্ভিসিং ব্যাংকের উৎসে করের জন্য ০১টি ডেবিট এডভাইস এবং শাখায় লাভ হলে ক্রেডিট এডভাইস অথবা ক্ষতি হলে ডেবিট এডভাইসসহ সর্বমোট ০৪(চার) টি এডভাইস ০৪.০৭.২০১৭ তারিখের মধ্যে এবং বৈষয়িক বিবরণী-সমাপনী পূর্ব, জড়দ্রব্যের বিবরণী **"সংযুক্তি-গ ও ঘ"**, ব্যাংক কর্তৃক কর্তনকৃত উৎসে করের প্রত্যয়নপত্র, ব্যাংক স্টেটমেন্ট/সমন্বয় বিবরণী, এনবিডিসি বিবরণীসহ অন্যান্য মাসিক তথ্যাদি ১০.০৭.২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অত্র বিভাগে পৌছানো নিশ্চিত করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার ৩০.০৬.২০১৭ তারিখের অবস্থার বিবরণী "সংযুক্তি-ঙ" ও ফরেন রেমিটেন্স বিবরণী **"সংযুক্তি-চ"** মোতাবেক **কম্পাইলেশন করে** অগ্রগামী পত্রের মাধ্যমে ১১.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৫। **বার্ষিক হিসাব সমাপনকালে পালনীয়** ঃ

(i) বার্ষিক হিসাব সমাপনী বিবরণী-তে পূর্ণ টাকা উল্লেখ করতে হবে;

(ii) বৈষয়িক বিবরণীতে উল্লেখিত হিসাব খাতের স্থিতি সাধারণ খাতিয়ানের সংশ্লিষ্ট হিসাব খাতের স্থিতির সাথে এবং সহায়ক খতিয়ানের সংশ্লিষ্ট উপ-খাত সমূহের সমষ্টি অবশ্যই সমপরিমাণ হতে হবে; মিলকরণ নিশ্চিত হওয়া ব্যতীত কোন অবস্থাতেই প্রতিবেদন প্রেরণ করা যাবে না;

(iii) বৈষয়িক বিবরণী, সাধারণ খতিয়ান, সহায়ক খতিয়ান সুন্দর হস্তাক্ষরে লিপিবদ্ধ করতে হবে। সর্বপ্রকার কাটাকাটি/ ঘষামাজা পরিহার করতে হবে এবং কোন অবস্থাতেই ওভাররাইটিং ও ফ্লুয়িড ব্যবহার করা যাবে না।

০৬। **ওপেনিং এন্ট্রি** ঃ

(i) ৩০ জুন, ২০১৭ তারিখের ভিত্তিতে হিসাব সমাপনীর পর পরবর্তী বছরের হিসাব ০১.০৭.২০১৭ তারিখ থেকে শুরু করতে হবে। অতএব, পরবর্তী বছরের ০১.০৭.২০১৭ তারিখে স্ব-স্ব সম্পত্তি ও দায় খাতে স্থানান্তর ভাউচারের মাধ্যমে একটি ওপেনিং এন্ট্রি দিয়ে নিম্নরূপ হিসাব সম্পন্ন করতে হবে ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সম্পত্তিসমূহ (যেমন: ব্যাংকে জমা/ ঋণ ও অগ্রিম/ স্থাবর ও অস্থাবর এবং অন্যান্য সম্পত্তি)। | সকল প্রকার দায় (যেমন: আমানত হিসাব/কেবি সাধারণ হিসাব লেনদেন ও অন্যান্য দায়)। |

(ii) উপরোক্ত এন্ট্রি ক্লীন ক্যাশ বহির মাধ্যমে জেনারেল লেজারে পোস্টিং দিতে হবে। উল্লেখ্য, ২০১৬-২০১৭ অর্থ-বছর শেষে সকল দায় ও সম্পত্তির নীট ব্যালেন্স দ্বারা ০১.০৭.২০১৭ তারিখে পরবর্তী ২০১৭-২০১৮ অর্থ-বছরের লেনদেনের প্রারম্ভিক জের দেখাতে হবে ;

(iii) সাপ্লিমেন্টারী/সহায়ক রেজিস্টারে ওপেনিং এন্ট্রি দেয়ার প্রাক্কালে পূর্ববর্তী বছরের অনিষ্পন্ন এন্ট্রির সামেশন একত্রে লিপিবদ্ধ না করে প্রতিটি অনিষ্পন্ন এন্ট্রি আলাদা আলাদা ভাবে লিপিবদ্ধ করতে হবে।

ক্রমশ: পৃষ্ঠা নং - ০৮

০৭। অত্র বিভাগের তত্ত্বাবধানে প্রধান কার্যালয়ের সকল খরচ, অনুমোদিত বিল প্রদান, অসমন্বিত আদায়যোগ্য অর্থ আদায় ও সমন্বয়সাধন, সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত হিসাবের বিপরীতে প্রাপ্ত সুদ ও উৎসে কর হিসাবভূক্ত করণ ও হিসাব সমন্বয়, ডাক খরচের অগ্রিম সমন্বয়, পেটি ক্যাশ অগ্রিম সমন্বয় ইত্যাদি সমাপনী সম্পর্কিত কার্যসমূহ সম্পাদন করতে হবে।

০৮। সাধারণ সেবা, প্রকৌশল ও কম্পিউটার বিভাগের তত্ত্বাবধানে প্রধান কার্যালয়ের সকল জড় দ্রব্যের অবচয় ও জড়দ্রব্যের তালিকা প্রস্তুতকরণসহ মজুদ পরীক্ষাকরন এবং সকল ষ্টেশনারী ও সরবরাহের মজুদ পরীক্ষাপূর্বক হালনাগাদ করতে হবে।

০৯। **শাখা ব্যবস্থাপক ব্যক্তিগতভাবে হিসাব সমাপনীর পূর্বে এই মর্মে নিশ্চিত হবেন যে ঃ**

(i) অত্র পরিপত্রের নির্দেশনা অনুযায়ী সকল হিসাবায়ন কার্যাদি সম্পাদন করা হয়েছে;

(ii) ঋণ, সঞ্চয়ী আমানত, কেবিটিডিএস এবং নিরাপত্তা জামানত হিসাবে সুদ ব্যাংকের প্রচলিত নিয়মে ধার্য/নির্ণয় করা হয়েছে;

(iii) সার্ভিসিং ব্যাংক কর্তৃক এসএনডি হিসাবে সঠিক ভাবে সুদ প্রদান করা হয়েছে এবং ব্যাংক স্থিতি সঠিক আছে;

(iv) বিভিন্ন উৎসে কর ও ভ্যাট কর্তন সঠিক আছে;

(v) সকল আদায়যোগ্য অর্থ আদায় এবং সঠিকভাবে হিসাবভুক্ত করা হয়েছে ;

(vi) সকল ভ্রমণ ভাতা অগ্রিম এবং অন্যান্য অগ্রিম সমন্বয় করা হয়েছে ;

(vii) জড় দ্রব্য ও ষ্টেশনারী দ্রব্য সঠিকভাবে গননাপূর্বক খরচ নির্ণয় ও অবচয় ধার্য করা হয়েছে ;

(viii) ঋণ হিসাব ও আমানত হিসাবের ব্যালেন্সিং করা হয়েছে, যা সাধারণ খতিয়ানের স্থিতির সাথে মিল আছে ;

(ix) ব্যাংক হিসাব এবং শাখায় রক্ষিত সকল লেজার ও কাঁচা রেজিস্টারের স্থিতি সঠিকভাবে সমন্বয় সাধন করা হয়েছে;

(x) সকল হিসাব বই/লেন-দেন বই/ লেজার /কাঁচা রেজিস্টার ইত্যাদি শাখা ব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত হয়েছে।

১০। আঞ্চলিক ব্যবস্থাপকগণকে স্ব স্ব অঞ্চলাধীন শাখাসমূহ কর্তৃক বর্ণিত নির্দেশাবলী বাস্তবায়ন নিশ্চিতকরণসহ শাখা হতে নিম্নলিখিত শাখাওয়ারী এ্যাড্‌ভাইস ও বিবরণী সংগ্রহপূর্বক **উহা কম্পাইলেশন করে** নির্ধারিত তারিখের মধ্যে অত্র বিভাগে পৌছানো নিশ্চিত করার নির্দেশ দেয়া হলো ঃ

| ক্র. নং | বিবরণ | পৌছানোর তারিখ/সময় | মাধ্যম | মন্তব্য |
|---|---|---|---|---|
| i | অঞ্চলাধীন সকল শাখার আয়-ব্যয় বিবরণী (আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ব্যয়সহ) | হিসাব সমাপনীর পরপর | ই-মেইল/ টেলিফোন | cafmd@karmasangsthanbank.gov.bd<br>cafmd@outlook.com |
| ii | সাধারণ ভবিষ্য তহবিল এর এডভাইস (৬ মাসের) | ২২.০৬.২০১৭ | ডাক/ কুরিয়ার যোগে | পৃথক অগ্রগামী মাধ্যমে পৌছাতে হবে |
| iii | সুপারেনুয়েশন তহবিল এর এডভাইস (৬ মাসের) | -ঐ- | | -ঐ- |
| iv | বদান্য তহবিল এর এডভাইস (৬ মাসের) | -ঐ- | | -ঐ- |
| v | সাধারণ ভবিষ্য তহবিল এর বিবরণী (৬ মাসের) | -ঐ- | | -ঐ- |
| vi | সুপারেনুয়েশন তহবিল এর বিবরণী (৬ মাসের) | -ঐ- | | -ঐ- |
| vii | বদান্য তহবিল এর বিবরণী (৬ মাসের) | -ঐ- | | -ঐ- |
| viii | কর্মকর্তাদের বেতন আয়ের পরিশোধযোগ্য ব্যক্তিগত অগ্রিম আয়করের ক্রেডিট এডভাইস | -ঐ- | | -ঐ- |
| ix | সমাপনী এডভাইস (সংযুক্তি "ক ও খ" মোতাবেক) | ০৪.০৭.২০১৭ | | -ঐ- |
| x | ব্যাংক হিসাবে কর্তিত উৎসে করের ডেবিট এ্যাড্‌ভাইস | -ঐ- | | -ঐ- |
| xi | ঠিকাদারি চুক্তি বা উপ-চুক্তি বা মালামাল সরবরাহের বিলের উপর কর্তনকৃত উৎসে করের ক্রেডিট এডভাইস | -ঐ | | -ঐ- |
| xii | আঞ্চলিক কার্যালয়ের ব্যয়ের বিবরণীসহ ডেবিট এডভাইস | -ঐ- | | -ঐ- |
| xiii | লাভ-ক্ষতির এডভাইস | -ঐ- | | -ঐ- |
| xiv | বৈষয়িক বিবরণী-সমাপনী পূর্ব | ১০.০৭.২০১৭ | | -ঐ- |
| xv | জড়দ্রব্যের বিবরণী (সংযুক্তি "গ ও ঘ" মোতাবেক) (বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা/আঞ্চলিক কার্যালয়সহ) | -ঐ- | | -ঐ- |
| xvi | এনবিডিসি বিবরণী | -ঐ- | | -ঐ- |
| xvii | ব্যাংক কর্তৃক কর্তনকৃত উৎসে করের প্রত্যয়নপত্র এবং ব্যাংক স্টেটমেন্ট/ ব্যাংক হিসাব সমন্বয় বিবরণী | -ঐ- | | -ঐ- |
| xviii | অবস্থার বিবরণী (সংযুক্তি "ঙ" মোতাবেক) | -ঐ- | | -ঐ- |
| xix | ফরেন রেমিটেন্স পরিশোধের পুনর্ভরন বিবরণী (সংযুক্তি "চ") | -ঐ- | | |

ক্রমশ: পৃষ্ঠা নং - ০৯

১১। বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত কোন প্রকার অস্পষ্টতা দেখা দিলে শাখা ব্যবস্থাপকগণকে আঞ্চলিক ব্যবস্থাপকের সঙ্গে এবং আঞ্চলিক ব্যবস্থাপকগণকে নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে যোগাযোগ করে তা নিরসনের জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি ঃ বর্ণনানুযায়ী।

২৮/৫/২০১৭
(এ বি এম সফিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

নং- কেবি/প্রকা/কে.হি..-০৩(০৬)/২০১৬-২০১৭/২২৫৭(২৯৬)

তারিখ ঃ ২৮.০৫.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ) ঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;

২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;

৩। সকল উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। কোন প্রকার খরচের প্রভিশন অথবা অগ্রিম সমন্বয়ের প্রয়োজন হলে ২৯.০৬.২০১৭ তারিখের মধ্যে উহার যথাযথ ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগে প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ;

৪। উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল প্রকার ক্রয়, মুদ্রণ ব্যয়, ষ্টেশনারী খরচ, মেরামত ও নবায়ন খরচসহ অন্যান্য আনুষঙ্গিক সকল খরচের পূর্ব প্রভিশন সমন্বয়, নতুন প্রভিশন সংরক্ষণ, চলতি অর্থ-বছরের প্রকৃত খরচ হিসাবায়ন অথবা অগ্রিম সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ২০১৬-২০১৭ অর্থ-বছরে প্রধান কার্যালয়ের জন্য ক্রয়কৃত জড় দ্রব্য ক্রয়ের বিবরণ এবং " সংযুক্তি গ ও ঘ" মোতাবেক জড় দ্রব্যের অবচয় নির্ধারণপূর্বক অবচয় হিসাবায়নের ২টি তালিকা ২৯.০৬.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো ;

৫। উপ-মহাব্যবস্থাপক, আইটি ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ২০১৬-২০১৭ অর্থ-বছরে প্রধান কার্যালয়ের জন্য ক্রয়কৃত জড় দ্রব্য ক্রয়ের বিবরণ এবং " সংযুক্তি গ ও ঘ" মোতাবেক জড় দ্রব্যের অবচয় নির্ধারণপূর্বক অবচয় হিসাবায়নের ২টি তালিকা ২৯.০৬.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো। এছাড়া পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো ;

৬। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয় ;

৭। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;

৮। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ;

৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক,কর্মসংস্থান ব্যাংক ;

১০। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;

১১। অফিস নথি।

26.05.2017
(মোহাম্মদ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

(সংযুক্তি"ক")

# বার্ষিক হিসাব সমাপনী ২০১৬-২০১৭ এর ক্রেডিট এডভাইস

ট্রানজেক্শন কোড নম্বর-৩১

# কর্মসংস্থান ব্যাংক

--------------------------------শাখা

-------------------------------------

ক্রেডিট এডভাইস নং-কেবি/ শাখা/হিসাব- /২০১৬-২০১৭/ তারিখ ঃ

| ২ | ৯ | ০ | ৬ | ২ | ০ | ১ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| শাখা | | | | হতে |
| প্রধান কার্যালয়, ঢাকা | ১ | ০ | ১ | এর উপর |

নিম্নোক্ত বিবরন মোতাবেক কেবি সাধারণ হিসাব নং ১১০২০০ এর মারফত ঃ /-
কথায়ঃ (.........................................................................) টাকা মাত্র প্রেরণ করা হলো যা আপনাদের হিসাবে ডেবিট হবে।

**বিবরণ** ঃ হিসাব পরিপত্র নং-০৪/২০১৭ এর নির্দেশনা মোতাবেক বার্ষিক হিসাব সমাপনী ২০১৬-২০১৭ সমাপনান্তে অত্র শাখা হতে প্রেরিত অর্থের তালিকা নিম্নে দেয়া হলো ঃ

| ক্র. নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ১ | সঞ্চয়ী আমানতের উপর প্রদানকৃত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে কর | |
| ২ | নিরাপত্তা জামানতের উপর প্রদানকৃত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে কর | |
| | | |
| মোট (১ হতে ২ এর যোগফল) ঃ | | |

অনুমোদিত স্বাক্ষর ঃ

১। ব্যবস্থাপক

২। দ্বিতীয় কর্মকর্তা/স্বাক্ষরকারী

সংযুক্তি ঃ x

(সংযুক্তি“খ”)

## বার্ষিক হিসাব সমাপনী ২০১৬-২০১৭ এর ক্রেডিট এডভাইস

ট্রানজেক্শন কোড নম্বর-৩১

# কর্মসংস্থান ব্যাংক

--------------------------------শাখা

-------------------------------------

ক্রেডিট এডভাইস নং-কেবি/ শাখা/হিসাব- /২০১৬-২০১৭/ তারিখ ঃ

| ২ | ৯ | ০ | ৬ | ২ | ০ | ১ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| শাখা | | | | হতে |
| প্রধান কার্যালয়, ঢাকা | ১ | ০ | ১ | এর উপর |

নিম্নোক্ত বিবরন মোতাবেক কেবি সাধারণ হিসাব নং ১১০২০০ এর মারফত ঃ /-
কথায়ঃ (.......................................................................) টাকা মাত্র প্রেরণ করা হলো যা আপনাদের হিসাবে ডেবিট হবে।

**বিবরণ** ঃ হিসাব পরিপত্র নং-০৪/২০১৭ এর নির্দেশনা মোতাবেক বার্ষিক হিসাব সমাপনী ২০১৬-২০১৭ সমাপনান্তে অত্র শাখা হতে প্রেরিত অর্থের তালিকা নিম্নে দেয়া হলো ঃ

| ক্র. নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ১ | মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম-এ জমাকৃত তহবিল | |
| ২ | কৃষি ভিত্তিক ঋণ কর্মসূচীর পুনর্গঠিত তহবিল | |
| ৩ | শিকাশ্র ঋণ কর্মসূচীর পুনর্গঠিত তহবিল | |
| ৪ | আল আরাফাত সার্ভিসেস প্রাঃ লিঃ এর প্রাপ্য অংশ (ভ্যাট ও উৎসে কর বাদে) | |
| **মোট (১ হতে ৪ এর যোগফল) ঃ** | | |

**অনুমোদিত স্বাক্ষর ঃ**

১। **ব্যবস্থাপক** ২। **দ্বিতীয় কর্মকর্তা/স্বাক্ষরকারী**

সংযুক্তি ঃ ×

V8

সংযুক্তি "গ"

# কর্মসংস্থান ব্যাংক

....................শাখা/ কার্যালয়, .................... ।

## ৩০.০৬.২০১৭ তারিখের জড়দ্রব্যের বহিঃমূল্যের ভিত্তিতে অবচয় বিবরণী ঃ

| ক্র. নং | জড়দ্রব্যের বিবরণ ও কোড নম্বর | ৩০.০৬.২০১৬ তারিখে জড়দ্রব্যের বহি:মূল্য/ (সহায়ক খতিয়ানের স্থিতি) | অবচয় হার | ২০১৬-২০১৭ অর্থ-বছরের সম্ভাব্য অবচয় (কলাম ৪ এর নির্ধারিত অবচয় হার) | ৩০.০৬.২০১৭ তারিখে জড়দ্রব্যের সম্ভাব্য বহি:মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=৩-৫ |
| ১ | আসবাপত্র ও সাজসরঞ্জাম (১৩০৪০১) | | ১০% | | |
| ২ | অফিস যন্ত্রপাতি (১৩০৪০২) | | ২০% | | |
| ৩ | অফিস সরঞ্জামাদি (১৩০৪০৩) | | ১৫% | | |
| ৪ | বৈদ্যুতিক সরঞ্জামাদি (১৩০৪০৪) | | ২০% | | |
| ৫ | মটরগাড়ী ও যানবাহন (১৩০৫০০) | - | ২০% | - | - |
| ৬ | ভূমি ও দালান (১৩০৮০০) | - | ০% | - | - |
| মোট = | | * | -- | ** | *** |

* ৩০.০৬.২০১৬ তারিখের সাধারন খতিয়ানের স্থিতির সমান হবে।

** ''সংযুক্তি গ এবং ঘ'' এর ৫ নং কলামের সমষ্টি ৩০.০৬.২০১৭ তারিখের ব্যয় হিসাব খাতের উপ-খাত ১৩০৩৭৭ কোডের অবচয়ের সমান হবে।

*** ''সংযুক্তি গ এবং ঘ'' এর ৬ নং কলামের সমষ্টি ৩০.০৬.২০১৭ তারিখের ব্যয় হিসাব খাতের উপ-খাত ১৩০৪০০ কোডের অবচয়ের সমান হবে।

বি. দ্র. ঃ ১৩০৪০১ কোডের জড়দ্রব্যের বহি:মূল্য ১০০.০০ টাকা হলে নির্ধারিত ১০% হারে অবচয় হবে ১০.০০ টাকা এবং ৩০.০৬.২০১৭ তারিখে জড়দ্রব্যের সম্ভাব্য বহি:মূল্য হবে (১০০.০০ - ১০.০০) ৯০.০০ টাকা।

দ্বিতীয় কর্মকর্তা/ স্বাক্ষরকারী

ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক

সংযুক্তি "ঘ"

# কর্মসংস্থান ব্যাংক

....................শাখা/ কার্যালয়, .................... ।

## ২০১৬-২০১৭ অর্থ-বছরে ক্রয়কৃত জড়দ্রব্যের ক্রয়মূল্যের ভিত্তিতে অবচয় বিবরণীর (মাসিক ভিত্তিতে) ঃ

| ক্র. নং | জড়দ্রব্যের বিবরণ ও কোড নম্বর | ২০১৬-২০১৭ অর্থ-বছরে ক্রয়কৃত জড়দ্রব্যের ক্রয়মূল্য | অবচয় হার | * ২০১৬-২০১৭ অর্থ-বছরের অবচয় (কলাম ৪ এর নির্ধারিত হারে অবচয়ের আনুপাতিক অংশ) | ২০১৬-২০১৭ অর্থ-বছরে ক্রয়কৃত জড়দ্রব্যের ৩০.০৬.২০১৭ তারিখের বহি:মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=৩-৫ |
| ১ | আসবাপত্র ও সাজসরঞ্জাম (১৩০৪০১) | | ১০% | | |
| ২ | অফিস যন্ত্রপাতি (১৩০৪০২) | | ২০% | | |
| ৩ | অফিস সরঞ্জামাদি (১৩০৪০৩) | | ১৫% | | |
| ৪ | বৈদ্যুতিক সরঞ্জামাদি (১৩০৪০৪) | | ২০% | | |
| ৫ | মটরগাড়ী ও যানবাহন (১৩০৫০০) | - | ২০% | - | - |
| ৬ | ভূমি ও দালান (১৩০৮০০) | - | ০% | - | - |
| | মোট = | | -- | | |

বি.দ্র. ঃ * **উদাহরন** ঃ সেপ্টেম্বর,২০১৬ মাসে আসবাবপত্র (কোড নং-১৩০৪০১) ক্রয় করা হলো যার ক্রয় মূল্য ১২০.০০ টাকা; নির্ধারিত অবচয় হার ১০%, এক্ষেত্রে ক্রয়কৃত এ আসবাবপত্রের অবচয় নির্ধারন করতে হবে।

(ক) পূর্ণ বছরের জন্য অবচয় = ১২০.০০ X ১০% = ১২.০০ টাকা এবং

(খ) মাসিক ভিত্তিতে আনুপাতিক হারে অবচয় নির্ধারিত হবে নিম্নরূপে-

$$= \frac{\text{১২.০০ (পূর্ণ বছরের অবচয়)}}{\text{১২ (১২ মাসে ১ বছর)}} \times \text{১০ (মাসের সংখ্যা) (সেপ্টেম্বর,১৬ হতে জুন,১৭ পর্যন্ত মোট ১০মাস)}$$

= ১.০০ X ১০ = ১০.০০ টাকা।

(গ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে (সেপ্টেম্বর,২০১৬ মাসে) ক্রয়কৃত জড়দ্রব্যের ৩০.০৬.২০১৭ তারিখের বহি:মূল্য হবে = (১২০.০০ - ১০.০০) = ১১০.০০ টাকা।

দ্বিতীয় কর্মকর্তা/ স্বাক্ষরকারী

ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক

# কর্মসংস্থান ব্যাংক

সংযুক্তি "ঙ"

.....................শাখা/ কার্যালয়, .................... ।

## ৩০.০৬.২০১৭ তারিখের অবস্থার প্রতিবেদন ঃ

| ক্র নং | বিবরণ | | পূর্ণ টাকায় |
|---|---|---|---|
| ১. | **সুদ বাবদ নগদে আদায়ের পরিমান ঃ** | | |
| | (ক) ২০১৬-২০১৭ অর্থ-বছরে ঋণের সুদ/সার্ভিস চার্জ বাবদ মোট নগদে আদায়ের পরিমান | | |
| | (খ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে এসএনডি হিসাবে সুদ বাবদ মোট প্রাপ্তির পরিমান | | |
| | **মোট সুদ বাবদ নগদে আদায় ঃ (ক +খ) =** | | |
| ২. | **স্থগিত সুদ সংক্রান্ত ঃ** | | |
| | (ক) ৩০.০৬.২০১৬ তারিখে স্থগিত সুদের স্থিতি | | |
| | (খ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে স্থগিত সুদ খাতে অন্তর্ভুক্তির পরিমান | | |
| | (গ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে স্থগিত সুদ হতে নগদে আদায়ের পরিমান | | |
| | (ঘ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে স্থগিত সুদ হতে অবলোপনকৃত ঋণ বাবাদ সমন্বয়ের পরিমান | | |
| | (ঙ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে স্থগিত সুদ হতে সুদ মওকুফের মাধ্যমে সমন্বয়ের পরিমান | | |
| | **(চ) মোট ঃ ৩০.০৬.২০১৭ তারিখে স্থগিত সুদের স্থিতি ঃ (ক+খ)-(গ+ঘ+ঙ) =** | | |
| ৩. | **অবলোপনকৃত ঋণ সংক্রান্ত ঃ** | | |
| | (ক) ৩০.০৬.২০১৬ তারিখে অবলোপনকৃত ঋণের স্থিতি | | |
| | (খ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে অবলোপনকৃত ঋণ বাবদ অন্তর্ভুক্তির পরিমান | | |
| | (গ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে অবলোপনকৃত ঋণ হতে নগদে আদায়ের পরিমান | | |
| | (ঘ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে সুদ মওকুফের মাধ্যমে অবলোপনকৃত ঋণ সমন্বয়ের পরিমান | | |
| | **(ঙ) মোট ঃ ৩০.০৬.২০১৭ তারিখে অবলোপনকৃত ঋণের স্থিতি ঃ (ক+খ)-(গ+ঘ) =** | | |
| ৪. | ৩০.০৬.২০১৭ তারিখের মূল বেতনের পরিমান (শাখা/আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীর) ঃ | | |
| | ৩১.১২.২০১৬ তারিখ পর্যন্ত যোগদানকৃত বিদ্যমান কর্মকর্তা-কর্মচারীর | | |
| | ০১.০১.২০১৭ তারিখে বা পরে যোগদানকারী বিদ্যমান কর্মকর্তা-কর্মচারীর | | |
| ৫. | **অফিস ভবন ভাড়া সংক্রান্ত ঃ** | | |
| | (ক) ২০১৬-২০১৭ অর্থ-বছরে ভবন মালিককে প্রদান | | |
| | (খ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে অফিস ভবন ভাড়া হতে ভ্যাট কর্তন | | |
| | (গ) ২০১৬-২০১৭ অর্থ-বছরে অফিস ভবন ভাড়া হতে উৎসে কর কতর্ন<br>(উৎসে কর শাখার খরচ হয়ে থাকলে উল্লেখ করতে হবে) | | |
| | (ঘ) মোট অফিস ভবন ভাড়া বাবদ খরচের পরিমানঃ (ক+খ+গ) কোড নং ১৩০৩৪৪ এর সমান হবে)= | | |
| ৬. | **আমানত সংক্রান্ত ঃ** | | |
| | ক) ৩০.০৬.২০১৭ তারিখে সঞ্চয়ী আমানতকারীর | সংখ্যা- | |
| | খ) ৩০.০৬.২০১৭ তারিখে কেবিএসডিএস আমানতকারীর | সংখ্যা- | |
| | গ) ৩০.০৬.২০১৭ তারিখে কেবিটিডিএস আমানতকারীর | সংখ্যা- | |
| | ঘ) ৩০.০৬.২০১৭ তারিখে নিরাপত্তা জামানত (কর্মী) | সংখ্যা- | |
| | **মোট ঃ (ক+খ+গ+ঘ) =** | **সংখ্যা-** | |
| ৭. | **৩০.০৬.২০১৬ তারিখে ঋণ স্থিতি (কর্মী ঋণসহ সকল ঋণ) ঃ** | | |
| | (ক) আসল | | |
| | (খ) সুদ | | |
| | **মোট ঃ (ক+খ) =** | | |
| ৮ | **ফরেন রেমিটেন্স পরিশোধ ঃ** | সংখ্যা- | |

# কর্মসংস্থান ব্যাংক

.. .. .. .. .. .. .. .. ..শাখা/আঞ্চলিক কার্যালয়,.. .. .. .. .. .. .. ।

৩০.০৬.২০১৭ তারিখে অবস্থার প্রতিবেদন ঃ

৯। আমানত হিসাব/ তহবিল স্থিতি সংক্রান্ত (সাধারন খতিয়ান/সহায়ক খতিয়ানের স্থিতির ভিত্তিতে) ঃ

(পূর্ণ টাকায়)

| ক্র. নং | সময়/তারিখ | সঞ্চয়ী আমানত (০২০২০০) | কেবিএসডিএস (০২১৩০০) | এওসি-এর জামানত (০২০৯০০) | মৃত্যুঝুকি আচ্ছাদন স্কীম (০২১২০০) | রিভলবিং ফান্ডে জমার পরিমান | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | কৃভিশি প্রকল্প (০৪০১০৮) | শিকাশ্র কর্মসূচী (০৪০১০৯) |
| ১ | ৩১.০৭.২০১৬ | | | | | | |
| ২ | ৩১.০৮.২০১৬ | | | | | | |
| ৩ | ৩০.০৯.২০১৬ | | | | | | |
| ৪ | ৩১.১০.২০১৬ | | | | | | |
| ৫ | ৩০.১১.২০১৬ | | | | | | |
| ৬ | ৩১.১২.২০১৬ | | | | * | * | * |
| ৭ | ৩১.০১.২০১৭ | | | | | | |
| ৮ | ২৮.০২.২০১৭ | | | | | | |
| ৯ | ৩১.০৩.২০১৭ | | | | | | |
| ১০ | ৩০.০৪.২০১৭ | | | | | | |
| ১১ | ৩১.০৫.২০১৭ | | | | | | |
| ১২ | ৩০.০৬.২০১৭ | | | | * | * | * |
| মোট ঃ | | | | | | | |

* যেহেতু ডিসেম্বর ও জুন মাসের মৃত্যুঝুঁকি আচ্ছাদন স্কীম, কৃভিশি প্রকল্প ও শিকাশ্র কর্মসূচীর রিভলবিং ফান্ডের অর্থ সকল শাখা হতে প্রধান কার্যালয়ে প্রেরন করা হয়; সেহেতু এক্ষেত্রে ডিসেম্বর ও জুন মাসে কোন তথ্য প্রদান করতে হবে না।

** কোন সংযুক্তি প্রেরনের প্রয়োজন নেই।

ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপকের স্বাক্ষর

সংযুক্তি "চ"

# কর্মসংস্থান ব্যাংক

.....................শাখা/ কার্যালয়, ................... ।

**শুরু থেকে ৩০.০৬.২০১৭ তারিখ পর্যন্ত ফরেন রেমিটেন্স পুনর্ভরনের বিবরণী ঃ**

(পূর্ণ টাকায়)

| ক্রমিক নং | তারিখ | এডভাইস নং | ফরেন রেমিটেন্স | |
|---|---|---|---|---|
| | | | সংখ্যা | পরিমাণ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | মোট - | | | |

দ্বিতীয় কর্মকর্তা/ স্বাক্ষরকারী

ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক